যুগান্তর

তারিখ 8 MAY 2003
পৃষ্ঠা ২ কলাম ৩

# ছাত্রলীগ আজ দেশের সব শিক্ষা প্রতিষ্ঠানে ধর্মঘট ডেকেছে

বিশ্ববিদ্যালয় রিপোর্টার

সংগঠনের মিছিলে পুলিশি হামলার প্রতিবাদে ছাত্রলীগ আজ দেশের সব শিক্ষা প্রতিষ্ঠানে ছাত্র ধর্মঘট ডেকেছে। মঙ্গলবার বিদ্যুৎ সরবরাহ স্বাভাবিক রাখা ও পানি, গ্যাস সংকট নিরসনের দাবিতে মিছিল বের করলে হাইকোর্ট মাজারের সামনে পুলিশ লাঠিচার্জ করে। এতে সংগঠনের শীর্ষ পর্যায়ের নেতৃবৃন্দসহ প্রায় ৩৫ জন আহত হন।

এ ঘটনার প্রতিবাদে গতকালও তারা সারাদেশে বিক্ষোভ কর্মসূচি দিবস পালন করে। ঢাকা বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে দুপুর ১২টার দিকে অনুষ্ঠিত বিক্ষোভ মিছিল শেষে সমাবেশ বলরাম পোদ্দার, মারুফা আক্তার পপি, আশরাফুল আজিম রুবেল, বলিলুর রহমান, রোজিনা নাসরিন, আমিনুল হক কবির, রফিকুল গিফারি রাসেল প্রমুখ বক্তৃতা করেন। নেতৃবৃন্দ ধর্মঘট সফল করার জন্য ছাত্রছাত্রীদের আহ্বান জানান।